গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

## ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫' উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মফিদুর রহমান
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্ব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ০৮ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ।
সভার সময় : সকাল ১১:০০ টা।
সভার স্থান : সভাকক্ষ, গণগ্রন্থাগার অধিদপ্তর।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫' উদ্‌যাপনের লক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভা ০৮ জানুয়ারি ২০২৫ তারিখে গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ০১. | প্রতিপাদ্য, স্লোগান এবং লোগো নির্ধারণ | সভায় সদস্য-সচিব গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক প্রতিপাদ্য বিষয়ে উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, দেশের সকল পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসহ সর্বসাধারণের নিকট ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫' এর প্রতিপাদ্য ও শ্লোগান আহ্বান করা হয়েছে। প্রস্তাবিত প্রতিপাদ্য ও স্লোগানসমূহ সভায় তুলে ধরা হয় এবং সকলের মতামত নেয়া হয়। মতামতের প্রেক্ষিতে একটি প্রতিপদ্য ও কতিপয় শ্লোগান নির্ধারণ করা হয়।<br>এছাড়া গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক দিবসটির জন্য কিছু খসড়া লোগো প্রস্তাব করা হয়। | (ক) প্রতিপাদ্য: **সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার**<br>(খ) শ্লোগানসমূহ:<br>• পড়ব বই গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ;<br>• পরিবর্তনের অঙ্গীকার, গ্রন্থাগার হোক সবার;<br>• দেশ সংস্কারে গ্রন্থাগার, ছাত্র-জনতার অঙ্গীকার;<br>• জুলাইয়ের অঙ্গীকার, পাড়ায় পাড়ায় গ্রন্থাগার;<br>• জুলাইয়ের অঙ্গীকার, হৃদয়জুড়ে গ্রন্থাগার;<br>• বুদ্ধি যুক্তি গ্রন্থাগারেই মুক্তি।<br>(গ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক দিবসটি উপলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে একটি লোগো তৈরি করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০২. | উদ্বোধন, র‍্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | (ক) দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় একটি উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগারের গুরুত্ব ও দিবসের তাৎপর্য বিষয়ে আলোচনা অনুষ্ঠানসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। উদ্বোধন ও আলোচনা সভায় অনধিক ৩০০ জন অতিথিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে | (ক) ০৫.০২.২০২৫ তারিখে জাতীয় জাদুঘর চত্বরে বেলুন ও ফেস্টুন উড়িয়ে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য বিষয়কে কেন্দ্র করে আলোচনা সভা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ সকল অনুষ্ঠানে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | পারে মর্মে সভায় আলোচনা হয়। এ সকল অনুষ্ঠানে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়; | | |
| | | (খ) ইসলামিক ফাউন্ডেশন, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট, জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক দিবসটি কেন্দ্র করে আগামী ০৫.০২.২০২৫ তারিখ অথবা নিকটবর্তী সময়ে আলোচনা সভা/অনুষ্ঠান/সেমিনার আয়োজন করার বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় মত প্রকাশ করেন; | (খ) ইসলামিক ফাউন্ডেশন, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট দিবসটি কেন্দ্র করে আগামী ০৫.০২.২০২৫ তারিখ অথবা নিকটবর্তী সময়ে আলোচনা সভা/অনুষ্ঠান/সেমিনার আয়োজন করবে; | ইসলামিক ফাউন্ডেশন, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট |
| | | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহ কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অনুষ্ঠানের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা করা হয়। তবে বিভাগীয় ও জেলা পর্যায়ে র‍্যালী আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহ কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী র‍্যালীসহ অন্যান্য অনুষ্ঠান আয়োজন করবে। | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| ০৩. | প্রতিযোগিতা/ অনুষ্ঠান আয়োজন | (ক) গত বছরের ন্যায় পাঁচ দিনব্যাপী বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সবাই একমত প্রকাশ করেন। এ প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে:<br>• বইপাঠ প্রতিযোগিতা (১ ফেব্রুয়ারি ২০২৫);<br>• চিত্রাঙ্কন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৫);<br>• রচনা প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৫);<br>• উপস্থিত বক্তৃতা (৪ ফেব্রুয়ারি ২০২৫);<br>• উদ্বোধন, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান (৫ ফেব্রুয়ারি ২০২৫)। | (ক) দিবসটি উপলক্ষ্যে নিম্নোক্ত প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন করা হবে:<br>• বইপাঠ প্রতিযোগিতা (১ ফেব্রুয়ারি ২০২৫);<br>• চিত্রাঙ্কন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৫);<br>• রচনা প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৫);<br>• উপস্থিত বক্তৃতা (৪ ফেব্রুয়ারি ২০২৫);<br>• উদ্বোধন, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান (৫ ফেব্রুয়ারি ২০২৫)। | সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| ০৪. | স্মরণিকা (বিচ্ছুরণ) এবং ক্রোড়পত্র প্রকাশ | দিবসটি উপলক্ষে প্রতি বছর স্মরণিকা প্রকাশ করা হয়ে থাকে। এ বছর স্মরণিকা (বিচ্ছুরণ) এর পাশাপাশি ক্রোড়পত্র প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। স্মরণিকা ও ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা, সচিব এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করা যেতে পারে। | দিবসটি উপলক্ষ্যে স্মরণিকা (বিচ্ছুরণ) এবং ক্রোড়পত্র প্রকাশ করা হবে। স্মরণিকা এবং ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা, সচিব এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ০৫. | প্রেস কনফারেন্সসহ টিভি চ্যানেল-সমূহে বিশেষ টকশো এবং প্রচার প্রচারণা | (ক) ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অথবা সুবিধাজনক সময়ে প্রেস কনফারেন্স এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়; | (ক) ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অথবা সুবিধাজনক সময়ে একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করা হবে। প্রেস কনফারেন্সে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাকে আমন্ত্রণ জানানো হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (খ) দিবসটি উপলক্ষ্যে বহুল প্রচারিত টিভি চ্যানেলে টক-শোর আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আরোচনা হয়; | (খ) দিবসটি উপলক্ষ্যে বহুল প্রচারিত একটি টিভি চ্যানেলে টক-শোর আয়োজন করা হবে; | ঐ |
| | | (গ) শহরের বিভিন্ন প্রবেশমুখ, গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহে অস্থায়ীভাবে বিলবোর্ড স্থাপন করে প্রচারণা জোরদার করা যেতে পারে মর্মে আলোচনা হয়; | (গ) দিবসটি উপলক্ষে শহরের বিভিন্ন প্রবেশমুখ, গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকৃষ্ট হয় এমন কতিপয় স্থানে অস্থায়ীভাবে বিলবোর্ড স্থাপন করে প্রচারণা জোরদার করা হবে; | ঐ |
| | | (ঘ) টেলিভিশনের স্ক্রল এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করার বিষয়ে আলোচনা হয়; | (ঘ) টেলিভিশনের স্ক্রল এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করা হবে; | ঐ |
| | | (ঙ) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়; | (ঙ) জেলাসমূহে জেলা তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে; | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| | | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো বর্ণিল সাজে সজ্জিত হয়ে শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জনসাধারণকে অবহিত করবে। | দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প |
| ০৬. | জেলা কমিটি | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি সম্পর্কে সভার সদস্যগণের মতামত চাওয়া হয়। পূর্বের কমিটিই ‘জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫’ এর জন্য বহাল রাখার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি ‘জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫’ এর জন্য বহাল থাকবে।<br><br>(কমিটি তালিকা পরিশিষ্ট ‘খ’ তে সংযুক্ত করা হলো)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০৭. | বিবিধ | (ক)শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবসটি উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়; | শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবসটি উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন দিবসটি গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সদস্যগণ প্রস্তাব রাখেন; | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন দিবসটি গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আধা-সরকারি পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঙ) বাংলাদেশ শিশু একাডেমি এবং ব্র্যাক কর্তৃক বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ঙ) বাংলাদেশ শিশু একাডেমি এবং ব্র্যাক বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করবে; | বাংলাদেশ শিশু একাডেমি, ব্র্যাক |
| | | (চ) বিভাগীয় ও জেলা কারাগারে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট অধিদপ্তরে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (চ) বিভাগীয় ও জেলা কারাগারে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ছ) দিবসটি উলক্ষ্যে শতবর্ষী গ্রন্থাগারসমূহ নিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া দিবসটি উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ছ) দিবসটি উলক্ষ্যে শতবর্ষী গ্রন্থাগারসমূহ নিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করবে। এছাড়া দিবসটি উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণ করা হবে; | পরিচালক জাতীয় গ্রন্থকেন্দ্র |
| | | (জ) দিবসটি গুরুত্বসহকারে পালনের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়; | (জ) দিবসটি গুরুত্বসহকারে পালনের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র দেয়া হবে; | |

১৮৭

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | (ঝ) বিভিন্ন এনজিও-তে দিবসটি পালনের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়ে এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ঝ) বিভিন্ন এনজিও-তে দিবসটি পালনের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়ে এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ঞ) দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র এবং জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (ঞ) দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র এবং জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণ করা হবে। | ঐ |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১/১৮

(মোঃ মফিদুর রহমান)
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্ব)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি

স্মারক: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০১৫.২৪-১২৮(৩৮)

তারিখ: ২২.০১.২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
০২. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
০৭. মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. মহাপরিচালক, জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
০৯. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১৪. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১৫. চেয়ারম্যান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৬. লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।
১৭. যুগ্মসচিব (অনুষ্ঠান অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. যুগ্মসচিব (লাইব্রেরি অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
২১. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. প্রকল্প পরিচালক, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৫. পরিচালক, শিক্ষা ও সংস্কৃতি, ব্র্যাক, ঢাকা।
২৬. পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
২৭. সভাপতি, লাইব্রেরি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
২৮. ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
২৯. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩০. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
৩১. সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, (সকল)।
৩২. ..........................................................................................................................।
৩৩. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
৩৪. সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব লাইব্রেরিয়ানস, ইনফরমেশন সায়েন্টিস্ট এন্ড ডকুমেন্টালিস্টস, ঢাকা।
৩৫. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৬. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৭. গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগার (সকল)।
৩৮. অফিস কপি।

22/01/2025

(মনীষ চাকমা)
মহাপরিচালক
ও
সদস্য সচিব
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি
ফোন: ০২-২২২২২৯৪৫৮
ই-মেইল: dg.dpl.2012@gmail.com